

## বুয়েটে আইটিইই ই-লার্নিং স্কলারশিপ অ্যাওয়ার্ড বিতরণ

বিজেআইটি একাডেমি (বাংলাদেশ জাপান ইনফরমেশন টেকনোলজি) ও জাপানের কেজেএস কোম্পানির সহযোগিতায় বুয়েটে অনুষ্ঠিত হল আইটিইই (ইনফরমেশন টেকনোলজি ইঞ্জিনিয়ারিং এক্সামিনেশন) স্কলারশিপ অ্যাওয়ার্ড বিতরণী অনুষ্ঠান। সোমবার বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির (বুয়েট) সিএসই বিভাগের ৫ শিক্ষার্থী এই আইটিইই স্কলারশিপ অ্যাওয়ার্ড পান। বুয়েটের সিএসই বিভাগের আইএসি সফেলন কক্ষে শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি কেজেএস কোম্পানির সিইও তিসুওনোবো অগিনো। এ সময় উপস্থিত ছিলেন বিজেআইটি একাডেমির চিফ এক্সিকিউটিভ অফিসার জাভেদ হাসান, কেজেএস কোম্পানির চিফ অপারেটিং অফিসার নাইয়েমি নোজাকি, এক্সিকিউটিভ ডিরেক্টর সাইয়ুরি ওগিনি এবং কনসালটেন্ট সিনোসুকে তাসাকা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বুয়েটের অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ। বুয়েটে অধ্যয়নরত ৪৯ জন শিক্ষার্থীর তিন ধাপে পরীক্ষা নিয়ে প্রদান করা হয় এই স্কলারশিপ অ্যাওয়ার্ড। জাপানে পেশাদার আইসিটি কর্মজীবীদের পরীক্ষা নেয় আইটিইই। তাদের সার্টিফিকেট নিয়ে আইসিটি ক্ষেত্রে কর্মরত রয়েছেন ৫ থেকে ৬ লাখ মানুষ। আর সে কারণেই দেশটির আইসিটি পরিসরের নিয়ন্ত্রণকারী একটি প্রতিষ্ঠান হয়ে আছে আইটিইই। এই প্রতিষ্ঠান আইসিটি ক্ষেত্রে উচ্চমানের সার্টিফিকেট প্রদান করায় জাপানের পাশাপাশি এশিয়াজুড়ে জনপ্রিয়তা পেয়েছে। বিশ্বব্যাপী তাদের এই সার্টিফিকেট ব্যবস্থাকে ছড়িয়ে দেয়ার পরিকল্পনার অংশ হিসেবে গত ৫ মে বাংলাদেশে ৪৯ জন বাছাইকৃত প্রকৌশলী শিক্ষার্থীর পরীক্ষা নেয় প্রতিষ্ঠানটি। তিন ধাপে তাদের পরীক্ষা নেয়ার পর বাংলাদেশের ৫ জন শিক্ষার্থী কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হন। উল্লেখ্য, বাংলাদেশ-জাপান সুসম্পর্কের ধারাবাহিক সহযোগিতার অংশ হিসেবে আইটিইই এ কার্যক্রম পরিচালনা করছে যেখানে সহায়তা করছে কেজেএস কোম্পানি এবং বিজেআইটি একাডেমি। বাংলাদেশ সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' পরিকল্পনা বাস্তবায়নে একটি সহায়ক প্রকল্প হিসেবে কাজ করবে আইটিইইর কার্যক্রম।

—আইটি ডেস্ক